

EYE CARE PROGRAM
Manabik Shahajya Sangstha
আই কেয়ার প্রোগ্রাম

ইসিপি বার্তা





ফ্রি আই ক্যাম্পের মাধ্যমে ১,০৫৯ জনকে চক্ষু সেবা ও ২৭৬ জনের ছানি অপারেশন

অক্টোবর ২০২৬ মাসে আই কেয়ার প্রোগ্রাম (ইসিপি)-এর উদ্যোগে পঞ্চগড়, জয়পুরহাট, দিনাজপুর ও রংপুর জেলার বিভিন্ন অঞ্চলে সফলভাবে ফ্রি চক্ষু শিবির পরিচালনা করা হয়। মাসব্যাপী এই কার্যক্রমে দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর দোরগোড়ায় বিনামূল্যে চক্ষুসেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে মোট ৫টি ফ্রি আই ক্যাম্প অনুষ্ঠিত হয়। উক্ত ক্যাম্পগুলোতে সর্বমোট ১,০৫৯ জন রোগীকে বিনামূল্যে চক্ষু পরীক্ষা সেবা প্রদান করা হয়, যার মধ্যে ৪৮০ জন পুরুষ এবং ৫৭০ জন নারী। প্রান্তিক জনগোষ্ঠীর চোখের সুস্বাস্থ্য নিশ্চিতকরণ এবং অন্ধত্ব দূরীকরণে মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)-এর এই ধারাবাহিক ও সময়োপযোগী কার্যক্রম বরাবরই অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। পরীক্ষাকৃত রোগীদের মধ্যে থেকে ৩০২ জনকে তাৎক্ষণিকভাবে বিনামূল্যে চশমা প্রদান করা হয়। পাশাপাশি, বিশেষজ্ঞ চিকিৎসকদের মাধ্যমে ৩৭০ জন ছানি রোগী শনাক্ত করা হয় এবং তাদের উন্নত চিকিৎসার জন্য সংশ্লিষ্ট হাসপাতালে নিয়ে সফলভাবে ২৭৬ জনের ছানি অপারেশন সম্পন্ন করা হয়। এর ফলে সুবিধাবঞ্চিত এসব মানুষ নতুন করে দৃষ্টিশক্তি ফিরে পেয়েছেন এবং স্বাভাবিক জীবনযাত্রায় ফিরে যাওয়ার সুযোগ পেয়েছেন।

বিনামূল্যে ছানি অপারেশনে দৃষ্টিশক্তি ফিরে পেলেন রংপুরের আবেদা

রংপুরের বদরগঞ্জের বাসিন্দা আবেদা দীর্ঘদিন ধরে চোখের ছানিজনিত সমস্যায় ভুগছিলেন। অর্থাভাব ও নানা প্রতিকূলতার কারণে নিজের চোখে ছানি পড়ার সঠিক চিকিৎসা করানো তার পক্ষে সম্ভব ছিল না, যা তার দৈনন্দিন স্বাভাবিক কাজকর্ম কঠিন করে তুলেছিল। পরবর্তীতে মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)-এর আই কেয়ার প্রোগ্রাম (ইসিপি)-এর উদ্যোগে আয়োজিত ফ্রি চক্ষু শিবিরে তার চোখ পরীক্ষা করা হয় এবং ছানি শনাক্ত হয়।পরবর্তীতে এমএসএস-এর সহযোগিতায় গত ৩১ অক্টোবর ২০২৬ তারিখে রংপুর আই হসপিটালে তার সফল ছানি অপারেশন সম্পন্ন করা হয়। অপারেশনের পর তিনি নতুনভাবে দৃষ্টিশক্তি ফিরে পান এবং তার চোখে নতুন আশার আলো ফিরে আসে। এই মহৎ উদ্যোগে আবেদা ও তার পরিবার এমএসএস-এর প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।





সচেতনতামূলক কার্যক্রম ও স্বাস্থ্য পরীক্ষার মধ্য দিয়ে গ্রামীণ মানুষের দোরগোড়ায় সেবা পৌঁছে দিচ্ছে ইসিপি

চক্ষু স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় এলাকায় ৮৬০টি ফ্লায়ার ও ২১টি পোস্টার বিতরণ করা হয়, যা সাধারণ মানুষকে সচেতন করতে বিশেষ ভূমিকা পালন করেছে। এর পাশাপাশি, ক্যাম্পে আগত রোগীদের সার্বিক সুস্বাস্থ্য নিশ্চিত করার উদ্দেশ্যে ৩৭৭ জনের রক্তের শর্করা (জইঝ) ও রক্তচাপ (ইচ) পরীক্ষা সম্পন্ন করা হয়। এমএসএস-এর এই নানামুখী ও সময়োপযোগী উদ্যোগ গ্রামীণ জনপদের সাধারণ মানুষের মাঝে ব্যাপক সাড়া ফেলেছে এবং স্বাস্থ্যসেবাকে আরও সহজলভ্য করে তুলেছে। প্রান্তিক জনগোষ্ঠীর দোরগোড়ায় প্রাথমিক স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়ার এই প্রচেষ্টা স্থানীয় সচেতনতা বৃদ্ধিতে এবং সুস্থ জীবনযাত্রা গঠনে অত্যন্ত গুরুত্বপূর্ণ অবদান রাখছে। ভবিষ্যতেও এ ধরনের জনকল্যাণমূলক কার্যক্রম অত্যন্ত সফলভাবে অব্যাহত থাকবে বলে আশা করা যায়।

প্রকাশনায়ঃ মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স ইউনিট- মানবিক সাহায্য সংস্থা
মোবাইলঃ ০১৭৩০০২৪০৩৩ ইমেইলঃ eyecareprogram.mss@gmail.com
MSS Working for the People
Eye Care Program-MSS www.mssbd.org/our-program/eye-care-program Eye Care Program MSS